মেহেরপুরে ওমিক্রন প্রতিরোধে তথ্য অফিসের প্রচারণা

মেহেরপুরের বিভিন্ন জায়গায় করোনা ভাইরাসের বিশেষ ভেরিয়েন্ট ওমিক্রণ এর প্রাদুর্ভার রোধে সরকারের জারিকৃত বিধি নিষেধের প্রচারণা চালিয়েছে মেহেরপুর জেলা তথ্য অফিস।

শুক্রবার সকাল থেকে মেহেরপুর জেলার গুরুত্বপূর্ণ সকল সড়কে প্রচারণা অভিযান চালানো হয়।

গত ১০ জানুয়ারি করোনা সংক্রমণ রোধে ১১টি বিধি-নিষেধ দিয়ে প্রজ্ঞাপন জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। যা গত ১৩ জানুয়ারি থেকে কার্যকর হচ্ছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, জনসাধারণকে অবশ্যই বাড়ি বাইরে গেলে মাস্ক পরিধান করতে হবে। স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিতে সারা দেশে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ ও আবাসিক হোটেলে থাকার জন্য অবশ্যই টিকা সনদ দেখাতে হবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ ১১ দফা নির্দেশনা মেনে চলতে হবে।

১১ দফা নির্দেশনা হলো:

১. দোকান, শপিংমল ও বাজারে ক্রেতা-বিক্রেতা এবং হোটেল-রেঁস্তোরাসহ সব জনসমাগমস্থলে বাধ্যতামূলকভাবে সবাইকে মাস্ক পরিধান করতে হবে।

২. অফিস-আদালতসহ ঘরের বাইরে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। স্বাস্থ্যবিধি প্রতিপালনে ব্যত্যয় রোধে সারাদেশে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।

৩. রেঁস্তোরায় বসে খাবার গ্রহণ এবং আবাসিক হোটেলে থাকার জন্য অবশ্যই করোনা টিকা সনদ প্রদর্শন করতে হবে।

৪. ১২ বছরের ঊর্ধ্বের সকল ছাত্র-ছাত্রীকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখের পরে টিকা সনদ ছাড়া শিক্ষাপ্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

৫. স্থলবন্দর, সমুদ্রবন্দর ও বিমানবন্দরসমূহে স্ক্রিনিং-এর

সংখ্যা বাড়াতে হবে। পোর্টসমূহে ক্রু-দের জাহাজের বাইরে আসার ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রদান করতে হবে। স্থলবন্দরগুলোতেও আগত ট্রাকের সাথে শুধুমাত্র ড্রাইভার থাকতে পারবে। কোনো সহকারী আসতে পারবে না। বিদেশগামীদের সঙ্গে আসা দর্শার্থীদের বিমানবন্দরে প্রবেশ বন্ধ করতে হবে।

৬. ট্রেন, বাস এবং লঞ্চে সক্ষমতার অর্ধেক সংখ্যক যাত্রী নেওয়া যাবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে কার্যকারিতার তারিখসহ সুনির্দিষ্ট নির্দেশনা জারি করবে। সর্বপ্রকার যানের চালক ও সহকারীদের আবশ্যিকভাবে কোভিড-১৯ টিকা সনদধারী হতে হবে।

৭. বিদেশ থেকে আগত যাত্রীসহ সবাইকে বাধ্যতামূলক কোভিড-১৯ টিকা সনদ প্রদর্শন ও Rapid Antigen Test করতে হবে;

৮. স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজের খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করবেন। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ এ বিষয়টি নিশ্চিত করবেন।

৯. সর্বসাধারণের করোনার টিকা এবং বুস্টার ডোজ গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় প্রচার এবং উদ্যোগ গ্রহণ করবে। এক্ষেত্রে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করবে।

১০. কভিড আক্রান্তের হার ক্রমবর্ধমান হওয়ায় উন্মুক্ত স্থানে সর্বপ্রকার সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় অনুষ্ঠান এবং সমাবেশসমূহ পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে।

১১. কোনো এলাকার ক্ষেত্রে বিশেষ কোনো পরিস্থিতির সৃষ্টি হলে সেক্ষেত্রে স্থানীয় প্রশাসন সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা নিতে পারবে।

দর্শনায় ভাংড়ী ব্যাবসায়ীর

আত্মহত্যা

দর্শনায় আক্কাস আলী (৫৭) নামের এক ভাংড়ী ব্যাবসায়ী গলায়দড়ি দিয়ে আত্মহত্যা করেছে।

শুক্রবার সকালের দিকে নিজ বসত বাড়ির একটি পরিত্যাক্ত ঘরে গলাইদড়ি দিয়ে আত্মহত্যা করে। তিনি দর্শনা বাসস্ট্যান্ড পাড়ার মৃত হামিদ মন্ডলের ছেলে।

জানাগেছে, দর্শনা বাসস্ট্যান্ড পাড়ার মৃত হামিদ মন্ডলের ছেলে ও দর্শনা বাসন্ট্যান্ড আক্কাস আলী সুপার মার্কেটের স্বত্বাধীকারী আক্কাস আলী পেশায় একজন ভাংড়ী ব্যবসায়ী। তিনি তার মার্কেটের তৃতীয় তলায় পরিবার নিয়ে বসবাস করতেন।

পারিবারিক কলহের জের ধরে গতকাল শুক্রবার সকাল ৯টার দিকে পরিবারের সকলের অজান্তে বাড়ির মধ্যে একটি টিনের পরিত্যাক্ত ঘরের আড়ার সাথে গলাইদড়ি দিয়ে আত্মহত্যা করেন। এসময় পরিবারের লোকজন তাকে খোঁজাখুজি শুরু করার একপর্যায় তাকে ওই পরিত্যাক্ত ঘরের আড়ার সাথে দড়িতে ঝুলতে দেখে চিৎকার শুরু করে। তাদের আর্তচিৎকারে মার্কেট ও পরিবারের লোকজন আক্কাস আলীকে ঝুলন্ত দড়ি থেকে নামিয়ে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। সেখানে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

দর্শনা থানার এসআই হারুন অর রশিদ জানায়, নিহত লাশের সুরতহাল রিপোর্ট শেষে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে। ময়না তদন্ত শেষে তার পরিবারের কাছে হস্তান্তর করা হবে। এবিষয়ে থানা পুলিশে একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে।

কোটচাঁদপুরে সড়কে গাছ কেটে আবারো ডাকাতির চেষ্টা

ঝিনাইদহের কোটচাঁদপুর মহাসড়কে গাছ কেটে আবারো ডাকাতির ঘটনা

ঘটেছে।

বৃহস্পতিবার ভোরে পৌর কাশিপুর ডিগ্রী কলেজের পাশে এ ঘটনা ঘটে।

এতে একটি ট্রাক ড্রাইভারকে অস্ত্রের মূখে জিম্মি করে টাকা পয়সা ছিনিয়ে নিলেও অল্পের জন্য রক্ষা পেয়েছেন ঢাকা থেকে ছেড়ে আসা পূর্বাশা পরিবহনের একটি এসি বাসের যাত্রী সাধারণ। বাসের সুপার ভাইজার ৯৯৯ এ কল দিলে কোটচাঁদপুর থানা পুলিশ ঘটনাস্থলে পৌছালে ডাকাত দল পালিয়ে যায়। পরে তাদেরকে উদ্ধার করে যানচলাচল স্বাভাবিক করা হয়।

পূর্বাশা পরিবহনের সুপার ভাইজার তমাল হোসেন জানান, বুধবার রাত ১০ দিকে ঢাকা গাবতলী থেকে পূর্বাশা পরিবহনের একটি এসি বাস দর্শনার উদ্দ্যেশে ছেড়ে আসি। বৃহস্পতিবার ভোর ৫ টার দিকে কালিগঞ্জ-কোটচাঁদপুর মহাসড়কের কাশিপুর পৌর কলেজের অদূরে পৌছালে সামনে একটি মেহগনি গাছ কেটে সড়কে পড়ে থাকতে দেখি। এসময় ডাকাত দল একটি ট্রাকের গতিরোধ করে ।

তমাল হোসেন বলেন, আমাদের পরিবহনটি ঘটনাস্থলে যাওয়া মাত্রই মাথায় হেলমেট পরিহিত ৭/৮ জনের সংঘবদ্ধ ডাকাত দল বাসের গ্লাস খোলার চেষ্টা চালায়। এসময় বাসের সুপার ভাইজার তমাল ৯৯৯ এ কল দিলে কোটচাঁদপুর থানা পুলিশের হাইওয়ের একটি টিম ঘটনাস্থলে পৌছায়। পরে সেখানে কোটচাঁদপুর থানা পুলিশের আরো একটি টিম আসে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে সংঘবদ্ধ ডাকাত দল পালিয়ে যায়। এতে অল্পের জন্য প্রাণে রক্ষা পান পরিবহন যাত্রীরা।

ইতোপূর্বে ২০১৭ সালের ডিসেম্বর মাসে কোটচাঁদপুর থানা থেকে প্রায় ১ কিলোমিটার অদূরে একইস্থানে গাছ কেটে ডাকাতির ঘটনা ঘটে। এসময় ডাকাত দলের হামলায় রবিউল ইসলাম নামে স্থানীয় এক ব্যবসায়ী নিহত হন। থানা পার্শ্ববর্তী এলাকায় প্রায়ই ডাকাতির ঘটনায় পরিবহন মালিক সহ সাধারণ মানুষের মাঝে আতঙ্ক দেখা দিয়েছে।

এব্যাপারে মডেল থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন ঘটনাল সত্যতা নিশ্চিত করে জানান, গাছ কেটে ডাকাতির চেষ্টা কালে পরিবহনের একজন ৯৯৯ এ ফোন দিলে কন্ট্রোল রুম থেকে থানার ডিউটি অফিসারকে জানানো হয়। পরে সড়কে টহলরহত পুলিশ সদস্যদের কে দ্রুত ঘটনাস্থলে পাঠানো হয়। ডাকাত দল পুলিশের উপস্থিতি টের পেয়ে ডাকাতি সংঘটিত করতে পারেনি।

ঝিনাইদহে বাস চাপায় পিষ্ট হয়ে ১জন নিহত, আহত ৪

ঝিনাইদহে সদর উপজেলায় বাস চাপায় পিষ্ট হয়ে ১জন নিহত হয়েছে। এ সময় আহত হয় আরও ৪জন।

দুর্ঘটনায় নিহত তারেক হোসেন (৪৪) ঝিনাইদহ সদর উপজেলার বুড়াই গ্রামের জহর আলীর ছেলে। প্রাথমিক ভাবে আহত ৪জনের নাম পরিচয় জানা যায়নি। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে বিভিন্ন হাসপাতালে ভর্তি করে।

ডাকবাংলা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই মো. বিল্লাল হোসেন জানান, শুক্রবার বিকালে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী পূর্বাশার পরিবহনের একটি বাস ঘটনাস্থলে পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারিয়ে তারিক হোসেনকে চাঁপা দেয়। এতে ঘটনাস্থলেই তিনি মারা যান। বাসটি আটক করলেও চালক ও হেলপার পালিয়ে গেছে বলে তিনি জানান।

মেহেরপুরে সিপিবির জেলা শাখার সম্মেলন

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ড কার্যালয়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সভাপতিত্ব করেন কমরেড জালাল উদ্দিন।

কমরেড শহিদুল ইসলাম কাননের সঞ্চালনায় সম্মেলনে বক্তব্য রাখেন

বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) এর কেন্দ্রীয় কমিটির নেতা কমরেড এস.এ রশিদ।

এছাড়াও বক্তব্য রাখেন, কমরেড আক্কাস আলী, শহিদুল ইসলাম, সিদ্দিকুর রহমান, আরজ আলী, মিজানুর রহমান, আব্দুল জব্বার, মোহাদ্দেস আলী, রফিকুল ইসলাম, মোশারফ হোসেন, মহাদেব সাহা প্রমুখ।

সম্মেলন পরবর্তীতে কমরেড জালাল উদ্দিনকে সভাপতি এবং কমরেড শহিদুল ইসলাম কাননকে সাধারণ সম্পাদক করে ১৩ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।

গায়ে হলুদের গন্ধ না শুকাতেই নববধূর বিষপানে আত্নহত্যা

গায়ের হলুদ গন্ধ না শুকাতে বিষ পানে আত্নহত্যা করেছে নববধূ রুবাইয়া খাতুন (১৮) গতকাল বৃহস্পতিবার উপজেলার বটিয়াপাড়ায় এ ঘটনাটি ঘটে। পরিবারের লোকজন উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার খাদেমপুর ইউনিয়নের বটিয়াপাড়া গ্রামের সাইফুল ইসলামের মেয়ে রুবাইয়া খাতুনের সাথে একই উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে সৌদি প্রবাসী রুবেলের সাথে পারিবারিক ভাবে বিবাহ হয়। বিবাহের এক সপ্তাহ পার না হতেই বৃহস্পতিবার বিষ পানে আত্নহত্যা করে নববধূ।

এ ঘটনায় নিহত রুবাইয়া খাতুনের মা রোজিনা খাতুন বলেন, গত এক সপ্তাহ পূর্বে আলমডাঙ্গা উপজেলার ওসমানপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে সৌদি প্রবাসী রুবেলের সাথে আমার মেয়ে রুবাইয়ার সাথে পারিবারিকভাবে বিবাহ হয়। বুধবার দুপুরে আমার জামায় রুবেলের সাথে আমার মেয়ে আমার বাড়িতে আসে। বৃহস্পতিবার সকালে সকলের অজান্তে নিজ শয়নকক্ষে বিষপান করে।

তিনি আরও বলেন, গত এক বছর যাবত আমার মেয়ের মাথায় সমস্যা ছিল। তার কবিরাজি চিকিৎসাও চলছিল। মূলত মাথার সমস্যার কারণেই আমার মেয়ে আত্মহত্যা করেছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. ওয়াহেদুজ্জামান বলেন, পরীক্ষা-নিরীক্ষার পর রুবাইয়া খাতুনকে মৃত ঘোষণা করা হয়। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

পাঁচকমলাপুর ক্যাম্প পুলিশের ইনচার্জ উপ-পরিদর্শক (এসএই) আছের আলী বলেন, ছয় মাস পূর্বে মোবাইলের মাধ্যমে প্রবাসি রুবেলের সাথে বিবাহ হয় রোকেয়ার। এক সপ্তাহ আগে রুবেল বাড়িতে আসলে বিয়ে তোলা হয়। এরপর শ্বশুর বাড়িতে বেড়াতে আসে তারা। বৃহস্পতিবার সকালে রোকেয়া বিষপান করে আত্মহত্যা করে। তার মাথায় সমস্যা ছিল বলে জানিয়েছে পরিবারের সদস্যরা। বিষয়টি আইনগত প্রক্রিয়াধীন।

বিএম স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

মেহেরপুর বিএম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মোঃ রোকন নামের এক ছাত্রের উপবৃত্তির টাকা আত্মসাত করার অভিযোগ উঠেছে স্কুলের প্রধান শিক্ষক সুরাইয়া পারভীনের বিরুদ্ধে।

জানা গেছে, রোকন বিদ্যালয়ে ভর্তির পর থেকে ৪৫০ টাকা করে উপবৃত্তি পেয়ে আসলেও করোনাকালীন প্রধানমন্ত্রীর ঘোষণা মোতাবেক ১৮শ টাকা পাওয়ার সময় জোরপূর্বক উপবৃত্তির টাকা পাওয়ার মোবাইল নম্বর পরিবর্তন করেন প্রধান শিক্ষক সুরাইয়া পারভীন এমনই অভিযোগ রোকনের পিতা মোঃ তুহিনের।

রোকনের পিতা তুহিন অভিযোগ করে বলেন, আমার ছেলে রোকন শিশু শ্রেণি থেকেই বিএম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়ালেখা করে। প্রথম থেকেই আমি আমার ০১৯১৪ ৬৫৩৩৪১ নম্বরে ৪৫০ টাকা করে উপবৃত্তির টাকা

পেয়ে আসছি। করোনাকালীন প্রধানমন্ত্রী ঘোষণা দেন ছাত্রছাত্রীদের ১৮শ করে টাকা প্রদান করা হবে।

আমার মোবাইল নম্বর সচল থাকা সত্ত্বেও কোন অভিযোগ ছাড়াই আমার স্ত্রীকে অনেকটা বাধ্য করেই প্রধান শিক্ষক আমার মোবাইল নম্বর পরিবর্তন করে আমার স্ত্রীর মোবাইল নম্বর দিতে বলেন। আমার স্ত্রী নম্বর পরিবর্তন করতে রাজি না হলেও আমার মোবাইল নম্বর পরিবর্তন করে আমার স্ত্রীর মোবাইল নম্বর নেন প্রধান শিক্ষক।

জানতাম আমার নাম্বার বন্ধ বা সিম নষ্ট হয়ে গেছে বা অন্য কারও নম্বরে উপবৃত্তির টাকা নিচ্ছি সেক্ষেত্রে নম্বর পরিবর্তন করলে কোন সমস্যা ছিলো না। আমার ছেলের উপবৃত্তির টাকা আমার নম্বরে আসছে তাহলে কোন কারণে প্রধান শিক্ষক আমার নম্বর পরিবর্তন করলেন এটাই আমার প্রশ্ন।

আবার জানতাম আমার নম্বরের পরিবর্তে আমার স্ত্রীর নম্বরে টাকা আসছে সেটাও হয়নি। আমার একটাই প্রশ্ন কেন বা কোন কারণে আমার নম্বর পরিবর্তন করে উপবৃত্তির টাকা কাকে দেওয়া হলো।

তারপর থেকেই আমি বা আমার স্ত্রীর নম্বরে উপবৃত্তির টাকা আর আসেনি। ১৮শ টাকা তো পেলাম না যে ৪৫০ টাকা পেতাম সেটাও বন্ধ হয়ে গেছে। শুধু আমিই না আমার মতো অনেক অভিভাবক এমন পরিস্থিতির স্বীকার। যে কারণে আমি আমার ছেলের ছাড়পত্র নিয়ে অন্যত্র ভর্তি করেছি।

এ বিষয়ে প্রধান শিক্ষক সুরাইয়া পারভীন বলেন, নম্বর পরিবর্তনের সুযোগ থাকে। উপবৃত্তির বিল হওয়ার সময় উপরের নির্দেশনা আসে যদি কোন নম্বর পরিবর্তন করা লাগে পরিবর্তন করে দিতে হয়। কারণ অনেকেই বিভিন্ন আত্মীয় স্বজনদের নম্বর দিয়ে থাকে। তিনি আরও বলেন, আমার বিল করা পর্যন্ত জানি। টাকা আমরা দেখিও না, ছুঁইও না, জানিও না।

নম্বর পরিবর্তন করেছেন কি না জানতে চাইলে নম্বর পরিবর্তনের কথা স্বীকার করে তিনি বলেন বিল দেখে বলতে হবে। তবে উনারা যে অভিযোগ করেছেন তা মিথ্যা, ঠিক না।

শীতার্ত শিক্ষার্থীদের পাশে “ভালোবাসার বন্ধন দর্শনা”

নিঃস্বার্থভাবে শীতার্ত মানুষের সাহায্য ও সেবা করাই মানবতার সেবা। তীব্র শীতে সব থেকে বেশী কষ্ট পায় শিশু ও কিশোর শ্রেণীর শিক্ষার্থীরা। এই বিষয়টি মাথায় রেখে “ভালোবাসার বন্ধন দর্শনা”সিদ্ধান্ত গ্রহণ করেন দর্শনার কিছু প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি অসহায় শিক্ষার্থীর মাঝে শীত বস্ত্র বিতরন করা হবে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে দর্শনা মরহুম আব্দুর রহমান বিশ্বাস আজিমপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কয়েকজন
গরীব-অসহায় শীতার্ত শিশু শিক্ষার্থীদের মাঝে শিতবস্ত্র প্রদান করা হয়েছে।

এ শীতবস্ত্র প্রদান কালে উপস্থিত ছিলেন “ভালোবাসার বন্ধন দর্শনা”র সম্মানিত উপদেষ্টামণ্ডলী এস,এ,এম কিবরিয়া আজম, রাসেল আহমেদ শাওন, আনোয়ারুল ইসলাম দোলন এবং ভালোবাসার বন্ধনের সাধারণ সম্পাদক মিয়া মোঃ নুরনবী সুমন, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, নির্বাহী সদস্য আমিনুল হক সহ দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ ও সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন, প্রমুখ।

এসময় নের্তৃবন্দরা বলেন, “ভালোবাসার বন্ধন দর্শনা” এতদ্বাঞ্চলের গরীব অসহায় মানুষের মাঝে যতদিন বেঁচে থাকে ভালোবাসার বন্ধনে বেঁধে রাখবে।

যত আসন তত যাত্রী পরিবহণের সিদ্ধান্ত

করোনা প্রতিরোধে গণপরিবহণে অর্ধেক আসন ফাঁকা রেখে চলাচলের যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, সেটি থেকে সরে এসেছে সরকার। নতুন

বিদ্যমান ভাড়ায় যাত্রী পরিবহণ করতে হবে। তবে মালিকরা সরকারের কাছে যত সিট তত যাত্রী নিয়ে চালানোর অনুমতি চেয়ে অনুরোধ জানিয়েছেন। বিআরটিএ’র ঘোষণার পরের দিনই সিন্ধান্ত বদল হয়ে যত আসন তত যাত্রী পরিবহণের সিদ্ধান্ত এলো।

চুয়াডাঙ্গায় নবাগত জেলা প্রশাসক হিসেবে যোগদান করলেন মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

চুয়াডাঙ্গার নতুন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে যোগদান করলেন মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা (অতিরিক্ত দায়িত্ব) উপ-সচিব মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বুধবার (৫ জানুয়ারি) রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব কে এম মান্নান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ নিয়োগ দেওয়া হয় তাকে তারই ধারাবাহিকতায় আজ বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের বিদায়ী জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার ও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ সহ জেলা প্রশাসনের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ তাকে বরণ করে নেন। চুয়াডাঙ্গায় নতুন জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাস খান মানিকগঞ্জ ঘিওর উপজেলার কৃতী সন্তান।

অপরদিকে, চুয়াডাঙ্গার সদ্য বিদায়ী জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বাংলাদেশ টেলিভিশনের) (বিটিভি) উপ-মহাপরিচালক হিসেবে পদোন্নতি পেয়েছেন। তিনি ২০১৯ সালের ২৯ আগস্ট চুয়াডাঙ্গা জেলা প্রশাসক হিসেবে যোগদান করেছিলেন।